آيَاتُ الْعُهُودِ

অঙ্গীকারের আয়াতসমূহ

সংকলন ও অনুবাদ: Raqi Hijbullah

মোট ২০টি অংশ · আরবি আয়াত ও সহজ বাংলা অর্থ

এই তালিকার বেশিরভাগ লেখা পুরো আয়াত নয়, আয়াতের একটি অংশ। তাই অর্থের শুরুতে বা শেষে “…” চিহ্ন দেওয়া হয়েছে।

১ সূরা আল-বাকারা : ২৭

الَّذِينَ يَنقُضُونَ عَهْدَ اللَّهِ مِن بَعْدِ مِيثَاقِهِ

অর্থ

যারা আল্লাহর সাথে করা অঙ্গীকার পাকা করার পরও তা ভেঙে ফেলে…

২ সূরা আলে ইমরান : ১৮৩

إِنَّ اللَّهَ عَهِدَ إِلَيْنَا أَلَّا نُؤْمِنَ لِرَسُولٍ حَتَّىٰ يَأْتِيَنَا بِقُرْبَانٍ تَأْكُلُهُ النَّارُ

অর্থ

…(তারা বলে:) “আল্লাহ আমাদের কাছ থেকে অঙ্গীকার নিয়েছেন যে, আমরা কোনো রাসূলের প্রতি ঈমান আনব না, যতক্ষণ না সে আমাদের কাছে এমন কুরবানি নিয়ে আসে, যা আগুন (এসে) খেয়ে ফেলে।”…

৩ **সূরা আল-আ'রাফ : ১০২**

وَمَا وَجَدْنَا لِأَكْثَرِهِم مِّنْ عَهْدٍ ۖ وَإِن وَجَدْنَا أَكْثَرَهُمْ لَفَاسِقِينَ ﴿١٠٢﴾

অর্থ

তাদের অধিকাংশকেই আমি অঙ্গীকার রক্ষাকারী পাইনি; বরং তাদের অধিকাংশকেই পেয়েছি অবাধ্য।

৪ **সূরা আল-আ'রাফ : ১৩৪**

قَالُوا يَا مُوسَى ادْعُ لَنَا رَبَّكَ بِمَا عَهِدَ عِندَكَ

অর্থ

...তারা বলল: “হে মূসা! তোমার রব তোমার সাথে যে অঙ্গীকার করেছেন, সেই অনুযায়ী আমাদের জন্য তোমার রবের কাছে দোয়া করো...”

৫ **সূরা আত-তাওবা : ৭**

كَيْفَ يَكُونُ لِلْمُشْرِكِينَ عَهْدٌ عِندَ اللَّهِ وَعِندَ رَسُولِهِ

অর্থ

মুশরিকদের সাথে আল্লাহ ও তাঁর রাসূলের কোনো চুক্তি কীভাবে বহাল থাকতে পারে?...

৬ **সূরা আর-রা'দ : ২৫**

وَالَّذِينَ يَنقُضُونَ عَهْدَ اللَّهِ مِن بَعْدِ مِيثَاقِهِ

অর্থ

আর যারা আল্লাহর সাথে করা অঙ্গীকার পাকা করার পরও তা ভেঙে ফেলে...

৭ **সূরা আল-আহযাব : ১৫**

وَكَانَ عَهْدُ اللَّهِ مَسْئُولًا ﴿١٥﴾

অর্থ

...আর আল্লাহর সাথে করা অঙ্গীকারের ব্যাপারে অবশ্যই জিজ্ঞাসা করা হবে।

৮ **সূরা আয-যুখরুফ : ৪৯**

وَقَالُوا يَا أَيُّهَ السَّاحِرُ ادْعُ لَنَا رَبَّكَ بِمَا عَهِدَ عِندَكَ

অর্থ

তারা বলল: “হে জাদুকর! তোমার রব তোমার সাথে যে অঙ্গীকার করেছেন, সেই অনুযায়ী আমাদের জন্য তোমার রবের কাছে দোয়া করো...”

৯ **সূরা আল-বাকারা : ৪০**

وَأَوْفُوا بِعَهْدِي أُوفِ بِعَهْدِكُمْ وَإِيَّايَ فَارْهَبُونِ ﴿٤٠﴾

অর্থ

...তোমরা আমার সাথে করা অঙ্গীকার পূরণ করো, আমিও তোমাদের সাথে করা অঙ্গীকার পূরণ করব। আর শুধু আমাকেই ভয় করো।

১০ **সূরা আল-বাকারা : ৮০**

قُلْ أَتَّخَذْتُمْ عِندَ اللَّهِ عَهْدًا فَلَن يُخْلِفَ اللَّهُ عَهْدَهُ

অর্থ

…বলো: “তোমরা কি আল্লাহর কাছ থেকে কোনো অঙ্গীকার নিয়েছ? তাহলে তো আল্লাহ কখনো তাঁর অঙ্গীকার ভাঙবেন না…”

১১ **সূরা আল-বাকারা : ১০০**

أَوَكُلَّمَا عَاهَدُوا عَهْدًا نَّبَذَهُ فَرِيقٌ مِّنْهُم

অর্থ

এমনটা কেন যে, যখনই তারা কোনো অঙ্গীকার করেছে, তখনই তাদের একদল তা ছুড়ে ফেলেছে?…

১২ **সূরা আল-বাকারা : ১২৪**

قَالَ وَمِن ذُرِّيَّتِي ۖ قَالَ لَا يَنَالُ عَهْدِي الظَّالِمِينَ ﴿١٢٤﴾

অর্থ

…ইবরাহিম বললেন: “আর আমার বংশধরদের মধ্য থেকেও (নেতা বানাবেন)?” আল্লাহ বললেন: “আমার অঙ্গীকার জালিমদের কাছে পৌঁছায় না।”

১৩ **সূরা আল-বাকারা : ১২৫**

وَعَهِدْنَا إِلَىٰ إِبْرَاهِيمَ وَإِسْمَاعِيلَ أَن طَهِّرَا بَيْتِيَ لِلطَّائِفِينَ

অর্থ

…আর আমি ইবরাহিম ও ইসমাইলকে দায়িত্ব দিয়েছিলাম যে, তোমরা আমার ঘরকে তাওয়াফকারীদের জন্য পবিত্র রাখবে…

১৪ **সূরা আল-বাকারা : ১৭৭**

وَالْمُوفُونَ بِعَهْدِهِمْ إِذَا عَاهَدُوا

অর্থ

…আর (তারাই প্রকৃত নেককার) যারা অঙ্গীকার করলে তা পূরণ করে…

১৫ **সূরা আলে ইমরান : ৭৬**

بَلَىٰ مَنْ أَوْفَىٰ بِعَهْدِهِ وَاتَّقَىٰ فَإِنَّ اللَّهَ يُحِبُّ الْمُتَّقِينَ ﴿٧٦﴾

অর্থ

হ্যাঁ, যে নিজের অঙ্গীকার পূরণ করে এবং আল্লাহকে ভয় করে — নিশ্চয়ই আল্লাহ মুত্তাকিদের ভালোবাসেন।

১৬ **সূরা আলে ইমরান : ৭৭**

إِنَّ الَّذِينَ يَشْتَرُونَ بِعَهْدِ اللَّهِ وَأَيْمَانِهِمْ ثَمَنًا قَلِيلًا أُولَٰئِكَ لَا خَلَاقَ لَهُمْ فِي الْآخِرَةِ

অর্থ

যারা আল্লাহর সাথে করা অঙ্গীকার ও নিজেদের কসমের বিনিময়ে সামান্য মূল্য নেয়, আখিরাতে তাদের কোনো অংশ নেই...

১৭ **সূরা আল-আন'আম : ১৫২**

وَإِذَا قُلْتُمْ فَاعْدِلُوا وَلَوْ كَانَ ذَا قُرْبَىٰ ۖ وَبِعَهْدِ اللَّهِ أَوْفُوا

অর্থ

...আর যখন কথা বলবে, ন্যায্য কথা বলবে, যদিও সে আত্মীয় হয়। আর আল্লাহর সাথে করা অঙ্গীকার পূরণ করো...

১৮ **সূরা আল-আনফাল : ৫৬**

الَّذِينَ عَاهَدتَّ مِنْهُمْ ثُمَّ يَنقُضُونَ عَهْدَهُمْ فِي كُلِّ مَرَّةٍ

অর্থ

তাদের মধ্যে যাদের সাথে তুমি চুক্তি করেছিলে, তারা প্রতিবারই নিজেদের চুক্তি ভেঙে ফেলে...

১৯ **সূরা আত-তাওবা : ১**

بَرَاءَةٌ مِّنَ اللَّهِ وَرَسُولِهِ إِلَى الَّذِينَ عَاهَدتُّم مِّنَ الْمُشْرِكِينَ ﴿١﴾

অর্থ

আল্লাহ ও তাঁর রাসূলের পক্ষ থেকে সম্পর্কচ্ছেদের ঘোষণা — সেই মুশরিকদের প্রতি, যাদের সাথে তোমরা চুক্তি করেছিলে।

২০ **সূরা আত-তাওবা : ৪**

إِلَّا الَّذِينَ عَاهَدتُّم مِّنَ الْمُشْرِكِينَ ثُمَّ لَمْ يَنقُصُوكُمْ شَيْئًا

অর্থ

তবে সেই মুশরিকরা ছাড়া, যাদের সাথে তোমরা চুক্তি করেছিলে এবং তারা (চুক্তি রক্ষায়) তোমাদের প্রতি কোনো ত্রুটি করেনি…

বাংলা অর্থ সহজ ভাষায় ভাবানুবাদ। আরবি লেখা ছাপানো বা সংরক্ষণের আগে একটি মুসহাফের সাথে মিলিয়ে নেওয়ার অনুরোধ রইল।